**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১৮/২০১৭**

**ঢাকা, সোমবার ২৩ জানুয়ারি ২০১৭, ১০ মাঘ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে আবারও ঐক্যবদ্ধ হতে হবে : সংসদে প্রদত্ত ভাষণে রাষ্ট্রপতি

২। সংসদ সদস্য মনজুরুল ইসলাম লিটনের হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি হবে : প্রধানমন্ত্রী

৩। প্রতিযোগিতার মধ্য দিয়ে শিশুদের মেধা ও মননের বিকাশ ঘটে
: জাতীয় স্কুল মাদ্রাসা ক্রীড়া পুরস্কার অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৪। আগামী তিন বছরের মধ্যে পুঁজিবাজার আরও শক্তিশালী হবে : অর্থমন্ত্রী

৫। দেশের ২৩ স্থলবন্দরে শৃঙ্খলা রক্ষার নির্দেশ না মানলে কঠোর ব্যবস্থা : স্বরাষ্ট্রমন্ত্রী

৬। বগুড়া মেডিকেল কলেজ হাসপাতালে আইসিইউ উদ্বোধন করলেন স্বাস্থ্যমন্ত্রী

৭। জাতীয় সংসদের অধিবেশন চলবে ৯ মার্চ পর্যন্ত

৮। খেলাপি ঋণ কমাতে সুনির্দিষ্ট মতামত নেবে বাংলাদেশ ব্যাংক : ৮ ব্যাংকের সঙ্গে বৈঠক

৯। বিদেশি বিনিয়োগকারীদের জন্য ঋণনীতি সহজ হলো : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

১০। নারায়ণগঞ্জের পিয়ার সাত্তার লতিফ উচ্চ বিদ্যালয়ের
প্রধান শিক্ষক শ্যামল কান্তির জিডি মামলা হিসেবে নিতে হবে : হাইকোর্টের নির্দেশ

১১। জলবায়ু পরিবর্তনে সৃষ্ট রোগব্যাধির ৮৫ শতাংশই শিশুদের আক্রমণ করে : ইউনিসেফের প্রতিবেদন

১২। পুলিশ সপ্তাহ শুরু আজ

চলমান পাতা-২

**১।	বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে আবারও ঐক্যবদ্ধ হতে হবে : সংসদে প্রদত্ত ভাষণে রাষ্ট্রপতি**

সমৃদ্ধ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকারের প্রচেষ্টা ব্যাপক সাফল্য পেয়েছে বলে মন্তব্য করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। তিনি আশা প্রকাশ করেন, ২০৪১ সালে উন্নত দেশের কাতারে যাওয়ার যে লক্ষ্য নেওয়া হয়েছে তা অর্জিত হবে। রাষ্ট্র ও সমাজের সর্বস্তরে সুশাসন সুসংহতকরণ, গণতন্ত্রের প্রতিষ্ঠানিকীকরণ এবং জনগণের সর্বাত্মক অংশগ্রহণের মাধ্যমে আমরা লক্ষ্য অর্জনে সক্ষম হব। রাষ্ট্রপতি আরও বলেন গৌরবোজ্জ্বল স্বাধীনতা সমুন্নত ও মুক্তিযুদ্ধের চেতনা সমুজ্জ্বল রাখতে গণতন্ত্র ও আইনের শাসন সুদৃঢ় করতে দেশ থেকে সন্ত্রাস ও জঙ্গিবাদ সম্পূর্ণরূপে নির্মূল করার মাধ্যমে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে বাঙালি জাতিকে আবারও ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। নতুন বছরে জাতীয় সংসদের প্রথম অধিবেশনে গতকাল ২২ জানুয়ারি রোববার দেওয়া ভাষণে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১)। **সমকাল, এশিয়ান এজ, নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২।	সংসদ সদস্য মনজুরুল ইসলাম লিটনের হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি হবে : প্রধানমন্ত্রী**

আওয়ামী লীগের সংসদ সদস্য মনজুরুল ইসলাম লিটনের হত্যাকারীদের খুঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হবে বলে ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি সাধারণ মানুষের পাশাপাশি সংসদ সদস্যদের নিরাপত্তা নিশ্চিত করতে সর্বাত্মক ব্যবস্থা নেওয়ার প্রতিশ্রুতি দেন। গতকাল ২২ জানুয়ারি রোববার দশম জাতীয় সংসদের চতুর্দশ অধিবেশনের শুরুতে এমপি লিটনের ওপর আনীত শোক প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে এসব কথা বলেন প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ, সমকাল** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৩।	প্রতিযোগিতার মধ্য দিয়ে শিশুদের মেধা ও মননের বিকাশ ঘটে**
**: জাতীয় স্কুল মাদ্রাসা ক্রীড়া পুরস্কার অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে লেখাপড়ার পাশাপাশি ক্রীড়া ও সাংস্কৃতিক চর্চায় সমান গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়ে বলেছেন, প্রতিযোগিতার মধ্য দিয়ে আমাদের শিশুদের মেধা ও মননের বিকাশ ঘটে। প্রধানমন্ত্রী গতকাল ২২ জানুয়ারি রোববার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক অধিদপ্তর আয়োজিত ৪৬তম শীতকালীন জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। প্রধানমন্ত্রী বলেন, খেলাধুলা, সঙ্গীত চর্চা, সাংস্কৃতিক প্রতিযোগিতা লেখাপড়ার পাশাপাশি বিভিন্ন রচনা, হস্তলেখা প্রতিযোগিতাসহ বিভিন্ন প্রতিযোগিতার মধ্য দিয়ে আমাদের শিশুদের মেধা ও মনন বিকাশের সুযোগ হয়। ক্রীড়া ও সাংস্কৃতিক অঙ্গণে যুক্ত থাকলে শিক্ষার্থীরা জঙ্গি ও সন্ত্রাসবাদ থেকে দূরে থাকবে বলেও এ সময় উল্লেখ করেন প্রধানমন্ত্রী। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **সমকাল** (পৃ.২,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮)। **ভোরের কাগজ, এশিয়ান এজ, সংবাদ, বাংলাদেশ টুডে, ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৪।	আগামী তিন বছরের মধ্যে পুঁজিবাজার আরও শক্তিশালী হবে : অর্থমন্ত্রী**

আগামী তিন বছরের মধ্যে পুঁজিবাজার আরও শক্তিশালী হবে বলে আশা প্রকাশ করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, যেভাবে চলছে আরও কিছু পরিবর্তন করতে পারলে ২০২০ সালের মধ্যে বাংলাদেশের পুঁজিবাজারে নতুন দিগন্ত উন্মোচিত হবে। পুঁজিবাজার থেকে সরকার অর্থ নিতে পারবে। গতকাল ২২ জানুয়ারি রোববার রাজধানীর ধানমন্ডির মাইডাস কনভেনশন সেন্টারে মাইডাস ইনভেস্টমেন্ট লিমিটেডের বাণিজ্যিক কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন অর্থমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৬)।

**৫।	দেশের ২৩ স্থলবন্দরে শৃঙ্খলা রক্ষায় নির্দেশ না মানলে কঠোর ব্যবস্থা : স্বরাষ্ট্রমন্ত্রী**

বেনাপোলসহ দেশের ২৩টি স্থলবন্দর দিয়ে ভারতে আসা যাওয়াকারীরা দীর্ঘদিন ধরেই হয়রানির শিকার হয়ে আসছেন। কাস্টমস ও ইমিগ্রেশনের কতিপয় অসাধু কর্মকর্তার যোগসাজসে স্থলবন্দরগুলোতে গড়ে ওঠেছে শক্তিশালী দালাল চক্র। তাদের হাতে জিম্মি ব্যবসায়ী ও সাধারণ যাত্রীরা। তাই স্থলবন্দরগুলোতে শৃঙ্খলা ফিরিয়ে আনতে কঠোর পদক্ষেপ নেওয়া হয়েছে। বাড়ানো হচ্ছে গোয়েন্দা নজরদারি। গতকাল ২২ জানুয়ারি রোববার সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয়ের সভায় এ বিষয়ে বেশ কয়েকটি সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বন্দরগুলো পরিদর্শন করে প্রতিবেদন দিতে অতিরিক্ত সচিবের নেতৃত্বে একটি

কমিটিও করা হয়েছে। এ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, স্থলবন্দর ব্যবহারকারীদের নানাভাবে হয়রানি করা হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। হয়রানি ঠেকাতে ও শৃঙ্খলা ফেরাতে সরকার জিরো টলারেন্সে থাকবে। এ জন্য সব ধরনের পদক্ষেপ নেবে সরকার। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২)।

**৬। বগুড়া মেডিকেল কলেজ হাসপাতালে আইসিইউ উদ্বোধন করলেন স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোগমুক্ত সুস্থ নাগরিকের দেশ গড়ার যে অঙ্গীকার করেছেন, তারই আলোকে দেশের স্বাস্থ্যসেবার সকল উন্নয়ন করা হচ্ছে। বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ (শজিমেক) হাসপাতালকে উত্তরবঙ্গের দুঃস্থ মানুষের চিকিৎসার সকল সেবার প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সেখানে স্থাপিত হয়েছে ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ)। এর আগে কিডনি ডায়ালাইসিস মেশিন চালু করা হয়েছে। কিডনি রোগীরা যাতে পর্যাপ্ত ডায়ালাইসিস সেবা পায় সেজন্য ব্যবস্থা নেওয়া হবে। স্বাস্থ্যমন্ত্রী গতকাল ২২ জানুয়ারি রোববার বগুড়া শজিমেক হাসপাতালের আধুনিক নিবিড় পরিচর্যা কেন্দ্রের (আইসিইউ) আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এ সময় মন্ত্রী বলেন, হাসপাতালের সকল অসুবিধা দূর করে বহুতল অবকাঠামো বাড়ানো হবে। আইসিইউ উদ্বোধন শেষে মন্ত্রী প্রেস ব্রিফিংয়ে জানান, বর্তমানের ছয় শয্যার আইসিইউ শীঘ্রই ১০ শয্যায় উন্নীত করা হবে। উত্তরবঙ্গের লাখ লাখ মানুষ যাতে এ হাসপাতালে সার্বজনীন স্বাস্থ্যসেবা পায়, সে লক্ষ্যে সব ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.১)।

**৭। জাতীয় সংসদের অধিবেশন চলবে ৯ মার্চ পর্যন্ত**

জাতীয় সংসদের শুরু হওয়া অধিবেশন আগামী ৯ মার্চ পর্যন্ত চালানোর সিদ্ধান্ত নিয়েছে সংসদের কার্যনির্বাহী কমিটি। গতকাল ২২ জানুয়ারি রোববার অধিবেশন শুরুর আগে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে কমিটির এ সিদ্ধান্ত হয়। সংসদ সচিবালয় থেকে জানানো হয়, প্রতিদিন বিকাল সাড়ে ৪টা থেকে সংসদের বৈঠক বসবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫)।

**৮। খেলাপি ঋণ কমাতে সুনির্দিষ্ট মতামত নেবে বাংলাদেশ ব্যাংক : ৮ ব্যাংকের সঙ্গে বৈঠক**

খেলাপি ঋণ কমাতে সুনির্দিষ্ট মতামত ও কর্মপন্থা দিতে হবে ব্যাংকগুলোকে। গতকাল ২২ জানুয়ারি রোববার সরকারি-বেসরকারি ৮ ব্যাংকের সঙ্গে বাংলাদেশ ব্যাংকের এক বৈঠকে এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে। খেলাপি ঋণ কমিয়ে আনার কৌশল হিসেবে ব্যাংকগুলোর সঙ্গে পরীক্ষামূলক ওই বৈঠকের আয়োজন করে বাংলাদেশ ব্যাংকের অফসাইট সুপারভিশন বিভাগ। এতে সভাপতিত্ব করেন বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক নির্মল চন্দ্র ভক্ত। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৫)।

**৯। বিদেশি বিনিয়োগকারীদের জন্য ঋণনীতি সহজ হলো : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

বাংলাদেশের রপ্তানি প্রক্রিয়াজাত অঞ্চল (ইপিজেড) ও অর্থনৈতিক অঞ্চলের (ইজেড) মধ্যে অবস্থিত শতভাগ বিদেশি মালিকানাধীন প্রতিষ্ঠানগুলো নিজেদের মূল কোম্পানি (প্যারেন্ট কোম্পানি) ও সহযোগী কোম্পানি (সিস্টার কনসার্ন) থেকে বৈদেশিক মুদ্রায় স্বল্প মেয়াদে ঋণ গ্রহণ করতে পারবে। গতকাল ২২ জানুয়ারি এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে বাংলাদেশ ব্যাংক। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭), **যুগান্তর** (পৃ.১৫,ক.৬), **নিউ এজ বিজনেস পাতা** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫)।

**১০। নারায়ণগঞ্জের পিয়ার সাত্তার লতিফ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক
শ্যামল কান্তির জিডি মামলা হিসেবে নিতে হবে : হাইকোর্টের নির্দেশ**

নারায়ণগঞ্জের পিয়ার সাত্তার লতিফ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে লাঞ্ছনার ঘটনায় দায়ের করা অভিযোগ মামলা হিসেবে গ্রহণ করে তা ঢাকার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে পাঠানোর নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। নারায়ণগঞ্জের চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটকে এ নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল ২২ জানুয়ারি রোববার বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি জে বি এম হাসানের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ নির্দেশ দেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.২) ।

**১১। জলবায়ু পরিবর্তনে সৃষ্ট রোগব্যাধির ৮৫ শতাংশই শিশুদের আক্রমণ করে : ইউনিসেফের প্রতিবেদন**

জলবায়ু পরিবর্তনজনিত কারণে যেসব রোগব্যাধি দেখা দিচ্ছে তার প্রায় ৮৫ শতাংশই শিশুদের আক্রান্ত করছে। জলবায়ু পরিবর্তনে শিশুদের পানি ও বাতাসবাহিত রোগ বাড়ছে। অপুষ্টি ও দুর্যোগকালীন মৃত্যু এবং আঘাতের হারও বাড়ছে। গতকাল ২২ জানুয়ারি রোববার নগরীর একটি হোটেলে ইউনিসেফের 'পরিবর্তনশীল জলবায়ুতে বাঁচতে

শেখা : বাংলাদেশের শিশুদের ওপর জলবায়ুর প্রভাব' শীর্ষক প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৭,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

**১২। পুলিশ সপ্তাহ শুরু আজ**

আজ ২৩ জানুয়ারি সোমবার থেকে শুরু হচ্ছে পাঁচ দিনব্যাপী পুলিশ সপ্তাহ-২০১৭। এবারের পুলিশ সপ্তাহের মূল প্রতিপাদ্য 'জঙ্গি মাদকের প্রতিকার, বাংলাদেশ পুলিশের অঙ্গীকার।' প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ সকালে রাজারবাগ পুলিশ লাইনস মাঠে বর্ণাঢ্য পুলিশ প্যারেডের মধ্য দিয়ে পুলিশ সপ্তাহ উদ্বোধন করবেন। এবার প্রথমবারের মতো পুলিশ সদস্যদের সঙ্গে কল্যাণ প্যারেডে অংশগ্রহণ করবেন প্রধানমন্ত্রী। ২০১৬ সালে পুলিশ বাহিনীর সদস্যদের সাহসিকতা ও বীরত্বপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ ২৬ জন পুলিশ সদস্যকে বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম), ৪১ জনকে রাষ্ট্রপতি পুলিশ পদক (পিপিএম) প্রদান করা হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক, ফিনানশিয়াল এক্সপ্রেস :** পুরান ঢাকার ২৫ হাজার কেমিক্যাল কারখানার ১৫ হাজারই আবাসিক বাড়িতে থাকায় পুরান ঢাকা ঝুঁকির মুখে উল্লেখ করে ডিএসসিসি মেয়রের কেরানীগঞ্জের কামরাঙ্গীরচরে এসব কারখানা সরানোর ঘোষণা যথাযথভাবে বাস্তবায়নের প্রত্যাশা।

**খ.** **সংবাদ :** প্রাকৃতিক বনের প্রায় ৬৫ দশমিক ৮ শতাংশ ধ্বংসের ঝুঁকিতে থাকায় এসব বনভূমি রক্ষায় সমন্বিত উদ্যোগ নেওয়ার আহ্বান।

**গ.** **প্রথম আলো :** বাংলাদেশ ফুটবল ফেডারেশনের গাফিলতির কারণে এএফসি মহিলা এশিয়ান কাপের বাছাইপর্বে বাংলাদেশ অংশ গ্রহণ করতে যেতে পারছে না উল্লেখ করে ঘটনার ব্যাখ্যা কিংবা জবাবদিহি হওয়া দরকার বলে অভিমত।

**ঘ.** **সমকাল :** শতকরা ৮৫ ভাগ ভবনে ভূমিকম্প ও অগ্নিনিরাপত্তার নিয়ম মানা না হওয়ায় এসব ভবনের বিরুদ্ধে বিশেষ অভিযান চালানো ছাড়াও এখন থেকেই প্রতিটি ভবনে নির্মাণ বিধি মেনে চলার কাড়াকড়ি ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**ঙ.** **যুগান্তর :** পঙ্গু হাসপাতালে চিকিৎসা নিতে আসা রোগীদের প্রাইভেট ক্লিনিকে চিকিৎসা নিতে বাধ্য করার নাজেহাল হওয়ার ঘটনায় জড়িত প্রায় ২০টি দালাল চক্রের বিরুদ্ধে শক্ত অবস্থান নেওয়ার আহ্বান।

**চ.** **ইনকিলাব :** গত দুই সপ্তাহের ব্যবধানে চালের দাম কেজি প্রতি ৩ থেকে ৬ টাকা বাড়ার পরিপ্রেক্ষিতে সরকারকে চালের দাম বাড়ার প্রবণতা রোধে অবিলম্বে উপযুক্ত পদক্ষেপ নেওয়াসহ এ কারসাজির ঘটনায় দায়ীদের বিরুদ্ধে কঠোর শাস্তি নিশ্চিত করার সুপারিশ।

**ছ.** **ইন্ডিপেনডেন্ট :** রংপুর ডেইরি এন্ড ফুড প্রডাক্টস লিঃ ইতোমধ্যে ব্যক্তিগত উদ্যোগে এলাকায় কর্মসংস্থানের ব্যবস্থা করে ব্যাপক সাফল্য লাভ করায় এ ধরনের খাতের সম্ভাবনায় পথের বাধা দূর করে কর্তপক্ষকে এসব খাতকে এগিয়ে নেওয়ার সুযোগ করে দেওয়ার সুপারিশ।

**জ.** **ডেইলি সান :** দেশের ২,৪৯৭টি রেললাইনের লেভেল ক্রসিংয়ের ১,০৮৫ টিতে কোনো গেটম্যান কিংবা গেট-বার না থাকায় জনগণকে সতর্ক করতে এসব স্থানে বুয়েটে প্রস্তাবিত অটোমেটেড ফ্লাসিং লাইট ও সাউন্ড এলার্ম স্থাপনের প্রস্তাবকে বিবেচনায় নেওয়ার সুপারিশ।

**ঝ.** **ডেইলি স্টার :** কীটনাশকের অতি ও অপ্রয়োজনীয় ব্যবহারে উৎপাদিত কৃষিপণ্য স্বাস্থ্যের জন্য হুমকি হয়ে পড়ায় পরিবেশ ও জনস্বার্থে এসবের ব্যবহার নিয়ন্ত্রণে আনার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে ।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে হকারদের পুনর্বাসনের ব্যবস্থা না করে হকার উচ্ছেদ অভিযানকে অমানবিক ও বে-ইনসাফি পদক্ষেপই যথেষ্ট নয় তাকে স্পষ্টভাবে সংবিধানেরই বরখেলাপ বলে আখ্যায়িত করা যায় বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'কর্মজীবী নারীর কর্মপরিবেশ কোথায়?'** শিরোনামের নিবন্ধে ধীরাজ কুমার নাথ অনেক কর্মজীবী নারীকে সন্তানজন্মের পর নিয়মিত কর্মক্ষেত্রে আসতে না পারার কারণে চাকরি থেকে সেচ্ছায় অব্যাহতি নিতে হচ্ছে। তাই জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়নের ৫ নং লক্ষ্য অর্জনে সরকারকে এ ব্যাপারে প্রয়োজনীয় ভূমিকা নিতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা